



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট
স্নাতক (সম্মান/ইঞ্জি:) ১ম বর্ষ ১ম সেমিস্টার ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ভর্তি বিজ্ঞপ্তি

১. আসন সংখ্যা:

১.১ ভর্তি পরীক্ষা ইউনিট ভিত্তিক অনুষ্ঠিত হবে। A ইউনিটভুক্ত বিভাগসমূহ হচ্ছে: অর্থনীতি, সমাজবিজ্ঞান, পলিটিক্যাল স্টাডিজ, লোক প্রশাসন, নৃ বিজ্ঞান, সমাজকর্ম, ব্যবসায় প্রশাসন, ইংরেজি এবং বাংলা। A ইউনিটে বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য বিভাগের জন্য আসন সংখ্যা যথাক্রমে ২২০, ৩১০ ও ৮৩। B ইউনিটভুক্ত বিভাগসমূহ হচ্ছে: পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত, পরিসংখ্যান, কম্পিউটার সায়েন্স এবং ইঞ্জিনিয়ারিং, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং এবং পলিমার সায়েন্স, ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রডাকশন ইঞ্জিনিয়ারিং, সিভিল এন্ড এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং, ফুড ইঞ্জিনিয়ারিং এন্ড টি টেকনোলজি, পেট্রোলিয়াম এন্ড মাইনিং ইঞ্জিনিয়ারিং, ভূগোল ও পরিবেশ বিজ্ঞান, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, সমুদ্রবিজ্ঞান, সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং, জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি, বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি, ফরেস্ট্রি এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্স এবং আর্কিটেকচার। B ইউনিটের আসন সংখ্যা মোট ৯৯০।

১.২ উপরে উল্লিখিত আসন ছাড়াও মুক্তিযোদ্ধার সন্তান (২৮ জন), ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/জাতিসত্তা/হরিজন-দলিত (২৮ জন), প্রতিবন্ধী (১৪ জন), চা শ্রমিক (০৪ জন), পোষ্য (২০ জন) এবং বিকেএসপি কোর্স (৬ জন) সর্বমোট ১০০ টি আসন সংরক্ষিত রয়েছে।

১.৩ আন্তর্জাতিক গণিত অলিম্পিয়াড, আন্তর্জাতিক ইনফরমেশন অলিম্পিয়াড, আন্তর্জাতিক পদার্থবিজ্ঞান অলিম্পিয়াড এবং অন্যান্য স্বীকৃত আন্তর্জাতিক অলিম্পিয়াডে স্বর্ণ, রৌপ্য অথবা ব্রোঞ্জ মেডেল প্রাপ্ত ছাত্র-ছাত্রীরা ভর্তি পরীক্ষা ছাড়াই সংশ্লিষ্ট বিষয়ে ভর্তির সুযোগ পাবে। 'সংশ্লিষ্ট বিষয়' সম্পর্কে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২. ভর্তি পরীক্ষার জন্য যোগ্যতা:

২.১ ২০১৭ অথবা ২০১৮ সালে অনুষ্ঠিত এইচ.এস.সি (সাধারণ ও কারিগরি)/আলিম/ডিপ্লোমা-ইন-কমার্স/সম্মান এবং ২০১৫ অথবা ২০১৬ সালে অনুষ্ঠিত এস.এস.সি (সাধারণ ও কারিগরি)/দাখিল বা সম্মান পরীক্ষাতে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। উল্লেখ্য, ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের ২০১৩ অথবা ২০১৪ সালে অনুষ্ঠিত এস.এস.সি বা সম্মান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। যে সকল ছাত্র-ছাত্রী বিজ্ঞান শাখা থেকে এইচ.এস.সি বা সম্মান পরীক্ষা পাশ করেছে তারা A ও B উভয় ইউনিটেই এবং অন্যেরা শুধু A ইউনিটে আবেদন করতে পারবে। A ইউনিটে আবেদন করার জন্য এইচ.এস.সি/সম্মান ও এস.এস.সি/সম্মান উভয় পরীক্ষায় ন্যূনতম GPA 3.0 সহ মোট 6.5 থাকতে হবে। B ইউনিটে আবেদন করার জন্য এইচ.এস.সি/সম্মান ও এস.এস.সি/সম্মান উভয় পরীক্ষায় ন্যূনতম GPA 3.0 সহ মোট 7.0 থাকতে হবে এবং এইচ.এস.সি/সম্মান পরীক্ষায় গণিতে ন্যূনতম GPA 3.5 (A গ্রেডের ক্ষেত্রে B গ্রেড) থাকতে হবে।

২.২ GCE এর ক্ষেত্রে আই.জি.সি.এস.ই (O লেভেল) এ কমপক্ষে ৩টি বিষয়ে B গ্রেডসহ ৫টি বিষয়ে পাশ এবং আই.এ.এল (A লেভেল) এ কমপক্ষে ২টি বিষয়ে B গ্রেডসহ ৩টি বিষয়ে পাশ থাকতে হবে।

২.৩ আবেদনে ইচ্ছুক বিদেশী নাগরিক কিংবা বিদেশে অধ্যয়ন করা দেশী নাগরিকদের ২০ সেপ্টেম্বর, ২০১৮ তারিখের মধ্যে admission.sust.edu ওয়েবসাইটের মাধ্যমে প্রয়োজনীয় কাগজ-পত্রের কপি মূল্যায়নের জন্য আপলোড করতে হবে। মূল্যায়নের পর তাদের সার্টিফিকেট ভর্তির যোগ্যতার মানদণ্ডে সঠিক আছে কি-না তা জানানো হবে। যোগ্যতা অর্জনকারী বিদেশে অধ্যয়ন করা দেশী ছাত্র-ছাত্রীদের ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। বিদেশী নাগরিকদের ভর্তির আবেদনের জন্য SAT Score ন্যূনতম ৮০০ থাকতে হবে। আবেদনকৃতদের মধ্য থেকে মেধার ভিত্তিতে ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে।

৩. ভর্তি পরীক্ষার আবেদন প্রক্রিয়া ও তথ্য প্রাপ্তি : শুধুমাত্র admission.sust.edu Website এর মাধ্যমেই আবেদন করতে হবে। এ সংক্রান্ত বিস্তারিত ম্যানুয়াল admission.sust.edu/applicationprocedure.pdf পেইজে এবং ভর্তি পরীক্ষার নির্দেশিকা admission.sust.edu/propectus.pdf পেইজে পাওয়া যাবে। DBBL এর Rocket অথবা BRAC Bank Ltd. এর bKash এর Bill Payment Service ব্যবহার করে পরীক্ষার ফি পরিশোধ করতে হবে।

৪. ভর্তি পরীক্ষার তারিখ ও সময় এবং আবেদনের সময়সীমা:

ভর্তি পরীক্ষার তারিখ	বার	A ইউনিট	B ইউনিট	আবেদনের সময়সীমা
১৩ অক্টোবর ২০১৮	শনিবার	সকাল ৯:৩০ মিঃ	বিকাল ২:৩০ মিঃ	২রা সেপ্টেম্বর ২০১৮ থেকে ২৫ সেপ্টেম্বর ২০১৮

৫. পরীক্ষা পদ্ধতি: ভর্তি পরীক্ষা সম্পূর্ণভাবে বহু নির্বাচনী প্রশ্ন (MCQ) পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। প্রতিটি ভুল উত্তরের জন্যে ০.২০ নম্বর কাটা যাবে।

৬. প্রার্থী বাছাই ও ভর্তি প্রক্রিয়া :

৬.১ মেধা তালিকা তৈরীর সময় মোট নম্বরের মধ্যে ৭০% নম্বর আসবে ভর্তি পরীক্ষা থেকে এবং অবশিষ্ট ৩০% নম্বর আসবে এস.এস.সি বা সম্মান ও এইচ.এস.সি বা সম্মান পরীক্ষার ফলাফল থেকে। মেধা তালিকায় অন্তর্ভুক্তির জন্য সব মিলিয়ে ন্যূনতম ৪০% নম্বর পেতে হবে। কোর্সের ক্ষেত্রেও একই শর্ত প্রযোজ্য।

৬.২ এস.এস.সি/ সম্মান ও এইচ.এস.সি/ সম্মান পরীক্ষার ফলাফল থেকে নম্বর প্রস্তুত করার জন্য নিয়মিতদের ক্ষেত্রে এস.এস.সি/ সম্মান পরীক্ষায় প্রাপ্ত গ্রেডকে ২ দিয়ে ও এইচ.এস.সি/ সম্মান পরীক্ষায় প্রাপ্ত গ্রেডকে ৪ দিয়ে গুণ করে যোগ করা হবে। অনিয়মিতদের ক্ষেত্রে এস.এস.সি/ সম্মান পরীক্ষায় প্রাপ্ত গ্রেডকে ১.৮ দিয়ে ও এইচ.এস.সি/ সম্মান পরীক্ষায় প্রাপ্ত গ্রেডকে ৩.৬ দিয়ে গুণ করে যোগ করা হবে।

ভর্তি সংক্রান্ত বিস্তারিত জানতে

admission.sust.edu সাইট ব্যবহার করুন।